# বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন।
## গভঃ রেজিঃ নং এস-১০২৮/৯৮

দেশের কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী একমাত্র বৈধ সংগঠন।

## কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা -'৯৩
### এই বৃত্তি তিন বছরের জন্য প্রদান করা হবে।
### (২য়, ৫ম ও ৮ম শ্রেণী)

(২য় শ্রেণীর বৃত্তি পরীক্ষায় দেশের সকর স্কুলের ছাত্র/ছাত্রী অংশ গ্রহণ করতে পারবে)

কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে জানানো যাচ্ছে যে,১৯৯৩ শিক্ষাবর্ষের ২য়, ৫ম, ও ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা আগামী ২২ ও ২৩ শে ডিসেম্বর অনুষ্ঠিত হবে। বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহনকারী ছাত্র/ছাত্রীদের নামের তালিকা প্রয়োজনীয় ফি ও স্কুল প্রধানের সত্যায়িত তিন কপি পাসপোর্ট সাইজের ছবি আগামী ১৫ই নভেম্বর '৯৩ এর মধ্যে মহাসচিব/চেয়ারম্যান/অর্থসচিবের বরাবরে নগদ অর্থ বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। এই বৃত্তি পরীক্ষা ঢাকার ১৫টি কেন্দ্রসহ টঙ্গি, গাজীপুর,নারায়নগঞ্জ, কিশোরগঞ্জ, রাজশাহী, রংপুর, দিনাজপুর, কুষ্টিয়া, বগুড়া, পাবনা, চট্টগ্রাম, সিলেট, কুমিল্লা, পার্বত্য চট্টগ্রাম, খুলনা, যশোহর, ঝিনাইদহ, বাগেরহাট, বরিশাল, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী, ফরিদপুর, গোপালগঞ্জ , রাজবাড়ী মোট ৪০টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। যে সকল জেলা-শহরের বৃত্তি পরীক্ষার কেন্দ্র উল্লেখ করা হয় নাই ঐ সকল জেলা শহরের কিন্ডারগার্টেন প্রধানগণ ১৫ই নভেম্বরের মধ্যে চেয়ারম্যানের বরাবর কেন্দ্রের জন্য আবেদন করলে কেন্দ্র দেয়া হবে। কেন্দ্রের জন্য আবেদন না করলে উল্লেখিত যে কোন কেন্দ্রে পরীক্ষা দিতে হবে।

## বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন একত্রীকরন।

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, গত ১৭/৯/৯৩ইং তারিখে অনুষ্ঠিত এক সভায় বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের দ্বিধাবিভক্ত এসোসিয়েশনগুলো সকল প্রকার বিভেদ ভুলে একত্রিত হয়। আমাদের নেতৃত্বাধীন এসোসিয়েশনকে (রেজিঃ নং এস-১০২৮/৯৮) বাংলাদেশের একমাত্র বৈধ এসোসিয়েশন হিসেবে স্বীকৃতি দেয়া হয়। কাজেই আমাদের নেতৃত্বাধীন বৈধ এসোসিয়েশন ছাড়া কিন্ডারগার্টেন প্রধানদেরকে অন্য যে কোন এসোসিয়েশনের সাথে যোগাযোগ না করার জন্য অনুরোধ করা গেল। এ খবর ২৯/৯/৯৩ইং তারিখে জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে দেশবাসীকে অবগত করানো হয়েছে। এ সম্মেলনে অন্যান্যদের মধ্যে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান খন্দকার রইস-উল-আলম ও প্রাক্তন মহাসচিব মোঃ ফারুক আহমেদও উপস্থিত ছিলেন.

## বার্ষিক সাধারণ সভা -'৯৩

২৯/১০/৯৩ইং বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা সকাল ১০ ঘটিকায় ২৭ রিং রোড শ্যামলিস্থ মর্নিং বেল কিন্ডারগার্টেন স্কুলে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় দেশের কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের এবং এসোসিয়েশনের সকল সদস্য-সদস্যাদের উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

## কিন্ডারগার্টেন মহাসম্মেলন -'৯৩

কিন্ডারগার্টেন মহাসম্মেলন -'৯৩ ও সাংস্কৃতিক অনুষ্ঠান '৯৩ উপলক্ষে বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের সনদপত্র ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় কৃতি ছাত্র/ছাত্রীদের পুরস্কার প্রদান করা হবে। উক্ত মহাসম্মেলন উপলক্ষে প্রকাশিত স্মরণিকায় বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের ছবি থাকবে। স্মরণিকায় প্রকাশের জন্য লেখা আগামী ৩০শে অক্টোবরের মধ্যে মহাসচিব/স্মরনিকার সম্পাদক বরাবরে পাঠাতে হবে। (সম্পাদক শেখ আবু খালেদ শান্ত সাহিত্য সাংস্কৃতিক সচিব) এ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয়া প্রধান মন্ত্রীকে প্রধান অতিথির আসন অলংকৃত করার জন্য আমন্ত্রণ জানানো হবে।

## আন্তঃকিন্ডারগার্টেন সাংস্কৃতিক প্রতিযোগিতা -'৯৩

আন্তঃকিন্ডারগার্টেন সাংস্কৃতিক প্রতিযোগিতা-'৯৩-এ অংশ গ্রহনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের নাম ও অংশ গ্রহন ফি আগামী ৩০/১০/৯৩ইং তারিখের মধ্যে চেয়ারম্যান/মহাসচিব/অর্থসচিব বরাবরে পাঠানোর জন্য অনুরোধ করা গেল। প্রতি বিষয়ের অংশ গ্রহণ ফি ত্রিশ টাকা মাত্র। প্রতিযোগিতার স্থান ও তারিখ যথা সময়ে জানানো হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা তিনটি গ্রুপে বিভক্ত থাকবে। গ্রুপ গুলি নিম্নরূপঃ-(ক) গ্রুপ-সাত বছর পর্যন্ত (খ) গ্রুপ-সাত বছর একদিন থেকে দশ বছর পর্যন্ত (গ) গ্রুপ-দশ বছরের উর্দ্ধে। প্রতিযোগিতার বিষয় ঃ (১) নজরুল গীতি (২) রবীন্দ্র সংগীত (৩) পল্লী গীতি (৪) দেশাত্ববোধক গান (৫) ছড়া গান (৬) নৃত্য (৭) আবৃত্তি (৮) অভিনয় (৯) হামদ ও (১০) নাত। (প্রত্যেক প্রতিযোগী কেবল উল্লেখিত বিষয়ের যে কোন ৫টিতে অংশ গ্রহণ করতে পারবে। প্রতিযোগিতার সুবিধার্থে ঢাকাকে ৪টি জোনে ভাগ করা হবে।

## বিনামূল্যের বই প্রদান।

১৯৯৪ইং শিক্ষাবর্ষের পঞ্চম শ্রেণী পর্যন্ত সরকারী বিনামূল্যের বই প্রাপ্তির লক্ষ্যে বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী সংখ্যা (শ্রেণী ভেদে) তালিকা আগামী ৩০শে অক্টোবরের মধ্যে চেয়ারম্যান/মহাসচিব বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা গেল। এতদসত্ত্বে আরো জানানো যাচ্ছে, যে সকল কিন্ডারগার্টেন বা সমমানের স্কুল অদ্যাবধি বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের সদস্যপদ লাভ করেনি সে সকল কিন্ডারগার্টেন প্রধানকে অনতিবিলম্বে সদস্য পদ গ্রহন পূর্বক রেজিষ্ট্রেশন নম্বর ও রেজিষ্টার সার্টিফিকেট এসোসিয়েশন থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল।সম্মানিত কিন্ডারগার্টেন প্রধানদের প্রতি অনুরোধ বিনামূল্যের বই প্রাপ্তি, সাংস্কৃতিক প্রতিযোগিতা, মহাসম্মেলন, বৃত্তি পরীক্ষা-'৯৩ স্মরণিকা প্রকাশ প্রভৃতিসহ এসোসিয়েশনের যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন।


**খন্দকার রইস-উল-আলম**
প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও প্রাক্তন চেয়ারম্যান
বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন
(ট্যালেন্ট প্রি-ক্যাডেট হাই স্কুল) ৪/১২, হুমায়ুন রোড,
মোহাম্মদপুর, ঢাকা। ফোন ঃ ৩১৭১৪১।

মিসেস তাহেরা খানম (চেয়ারম্যান)
বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন
(গোল্ডেন ক্রীসেন্ট টিউ ঃ) ৩৯/১ র‍্যাংকিং স্ট্রীট, ওয়ারী, ঢাকা-১২০৩।
ফোন-৬০৫৩৯৩।

শাহজাদা মোহাম্মদ আলী (মহাসচিব)
বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন
(প্রি-ক্যাডেট চাইল্ড কেয়ার হোমস)
সেকশন-১১/এ, এভি-২ মিরপুর, ঢাকা
ফোন-৮০১৪০৭, ৮০১৬৭৪, ৩৮৬৮৭৫

ইসকান্দার আলী হাওলাদার, (অর্থ সচিব) ফাইভ ষ্টার প্রি-ক্যাডেট টিউটরিয়াল হোম, ২২২/১ ম্যালিবাগ বাজার রোড, ঢাকা। ফোন ঃ ৪১৪৫৮৭, ৪০৭১৬৭, ২৪৫৬৩০। মোঃ আনোয়ার হোসেন, (শিক্ষাসচিব) আহবায়ক বৃত্তি পরীক্ষা-৯৩ পরিচালনা উপ-কমিটি। ব্রাইট ষ্টার কিন্ডারগার্টেন। কাজীপাড়া, মিরপুর, ঢাকা।


ইত্তেফাক ১৪।১০।৯৩